

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০৮.২০১৬-১৭৯


তারিখ: ৩১.০৭.২০১৭ খ্রি:

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের জুলাই ২০১৭ মাসের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০৮.২০১৬-১৭৬, তারিখ: ২৭.০৭.২০১৭ খ্রি।

উপযুক্ত বিষয়ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮.০৭.২০১৭ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের জুলাই ২০১৭ মাসের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

১. স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে।
২. মন্ত্রণালয় ও অধিদপ্তরকে চলতি অর্থ বছরে পৃষ্ঠায় ০২ (দুই) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;
৩. সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৪. শোকেসিং এর জন্য ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করে তালিকা তৈরী করতে হবে।
৫. আগস্ট মাসে নতুন রেপ্লিকেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. অসম্পূর্ণ প্রকল্পগুলো শোকেসিং এর জন্য প্রস্তুত হয়েছে কিনা তা জানতে অধিদপ্তরগুলোকে পত্র প্রেরণ করতে হবে।
৭. শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে একটি সভা আয়োজন করতে হবে।
৮. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক শোকেসিং এর মাধ্যমে নির্বাচিত প্রকল্প ২টি রেপ্লিকেশনের জন্য বিভাগ, জেলা, উপজেলা বাছাই করে খসড়া তালিকা চলতি মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৯. ১০. বর্তমান ইনোভেশন কমিটিতে হাসপাতাল, নাসিং অনুবিভাগ এবং মানসম্পদ ব্যবস্থাপনা ইউনিট হতে একজন করে প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।
১১. এমতাবস্থায়, ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন সফট কপি ই-মেইল:monitor@mohfw.gov.bd এবং হার্ডকপি আগামী ১০ কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


(মো: মুনিরুল ইসলাম)
উপসচিব

ফোন: ৯৫৪০৩৬২

ই-মেইল: monitor@mohfw.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
২. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিবিল, বা/এ, ঢাকা।
৪. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

কার্যার্থে:

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।